# ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ

সদর দফতর ঃ রমনা, ঢাকা -১০০০

## বিজ্ঞপ্তি

২০/০১/২০১৮ তারিখে অনুষ্ঠিত পরীক্ষা কমিটির **১৬৯তম** সভার সিদ্ধান্তক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে,

(ক) এপ্রিল, ২০১৮ টার্মের এএমআইই সেকশন "এ" এবং সেকশন "বি" পরীক্ষাসমূহ আগামী **২১/০৪/২০১৮ তারিখ রোজ শনিবার** হতে আরম্ভ হবে ।

(খ) **২১/০৪/২০১৮** তারিখ হতে অনুষ্ঠিতব্য এএমআইই পরীক্ষায় অংশগ্রহনের জন্য (সেকশন "এ" ও "বি") লেট ফি ব্যতীত **২২/০২/২০১৮** তারিখ পর্যন্ত এবং লেট ফি সহ **২৮/০২/২০১৮** তারিখ পর্যন্ত পরীক্ষার আবেদনপত্র (Examination Form) গ্রহণ করা হবে ।

(গ) এখন থেকে পরীক্ষার ফরম ও টাকা জমার স্লিপ আইইবি'র ওয়েব সাইটে (**www.iebbd.org**) পাওয়া যাবে । উল্লেখ্য যে, পরীক্ষার ফরম **Both Page** এ **Print** নিতে হবে । পরীক্ষার ফি, গ্রেডশীট ফি, আইডি কার্ড ফি, লেট ফি, বার্ষিক চাঁদা ইত্যাদি Deposit slip এর মাধ্যমে জমা দিয়ে আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে ।

(ঘ) পরীক্ষার আবেদনপত্র (Examination Form) পরীক্ষা বিভাগে জমা দেয়ার সময় ২০১৭-২০১৮ সনের বার্ষিক চাঁদা, পরীক্ষার ফি সহ অন্যান্য ফি এর Deposit slip জমা দিতে হবে । ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করলে আবেদনপত্রের সাথে ২০১৭-২০১৮ সনের বার্ষিক চাঁদা, পরীক্ষার ফি সহ অন্যান্য ফি এর Deposit slip পাঠাতে হবে ।

(ঙ) আবেদনপত্রে প্রার্থীর ছবি নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে এবং ছবির উপরে আইইবি'র সদস্য দিয়ে সত্যায়িত করতে হবে । পরিচয়পত্রের ছবি নির্ধারিত স্থানে স্টেপলার পিন দিয়ে লাগাতে হবে ।

(চ) পরীক্ষার বিভিন্ন ফিস সমূহ ঃ

| | | |
|---|---|---|
| পরীক্ষার ফি (সেকশন "এ") | — | প্রতি বিষয়ের জন্য ১২০০/- (এক হাজার দুইশত টাকা) মাত্র |
| পরীক্ষার ফি (সেকশন "বি") | — | প্রতি বিষয়ের জন্য ১২০০/- (এক হাজার দুইশত টাকা) মাত্র |
| গ্রেডসীট ফি | — | ৫০০/- (পাচঁশত টাকা) মাত্র |
| আইডেনটিটি কার্ড ফি | — | ১০০/- (একশত টাকা) মাত্র |
| লেট ফি | — | ১০০০/- (এক হাজার টাকা) মাত্র |
| বার্ষিক চাঁদা | — | ১০০০/- (এক হাজার টাকা) মাত্র |

(ছ) উক্ত AMIE পরীক্ষা **ঢাকা** (বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়), **চট্রগ্রাম** (চট্রগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়), **খুলনা** (খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) ও **রাজশাহী** (রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) কেন্দ্রে অনুষ্ঠিত হবে ।

(জ) সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এএমআইই সেকশন 'এ' নতুন কোর্স (আগস্ট, ২০১৫ থেকে) এর জন্য ৪০ ঘন্টার কম্পিউটার ট্রেনিং কোর্স অন্তর্ভূক্ত করা হয়েছে । ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ, বাংলাদেশ (ঢাকা ক্যাম্পাস) এর মাধ্যমে উক্ত কম্পিউটার কোর্সটি সম্পন্ন করার জন্য সেকশন 'এ' এর ছাত্র/ছাত্রীদেরকে নির্দেশ প্রদান করা হল । উল্লেখ্য, এই কম্পিউটার কোর্স সম্পন্ন করে সার্টিফিকেট এর সত্যায়িত কপি পরীক্ষা বিভাগে জমা দিতে হবে । সার্টিফিকেট এর কপি পাওয়া সাপেক্ষে সেকশন "এ" পাশের রেজাল্ট প্রকাশ করা হবে ।

**আবেদনপত্রে যোগাযোগের সুবিধার্থে মোবাইল নম্বর উল্লেখ করতে হবে ।**

**সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীদিগকে তাদের নাম পরীক্ষার আবেদনপত্রে (সার্টিফিকেট মোতাবেক) সঠিকভাবে লিখার জন্য নির্দেশ দেয়া হল ।**

**বিশেষভাবে উল্লেখ্য যে, পরীক্ষার হলে কোন প্রকার Text Book, Manuals, Data, Table, ইত্যাদি বাহির হতে নেয়া যাবে না । প্রয়োজনীয় Manuals, Data, Table, ইত্যাদি প্রশ্নপত্রের সাথে সংযুক্ত থাকবে । পরীক্ষার্থীর কাছে এগুলি পাওয়া গেলে তাহা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে ।**

**পরীক্ষার হলে programmable Calculator এবং মোবাইল ফোন ব্যবহার সম্পূর্ন নিষিদ্ধ । তাই পরীক্ষার হলে মোবাইল ফোন এবং programmable Calculator না আনার জন্য নির্দেশ দেয়া হল ।**

(প্রফেসর ডঃ দীপক কান্তি দাশ)
পরীক্ষা নিয়ন্ত্রক, আই, ই, বি ।

২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

সূত্র নং - সদ/আইইবি/পরীক্ষা/বিজ্ঞপ্তি/২০১৮/১০৫ তারিখ ঃ ২৩/০১/২০১৮ খ্রিঃ

**অনুলিপি ঃ**

১। প্রেসিডেন্ট, আই, ই, বি।
২। ভাইস-প্রেসিডেন্ট (একাডেমিক)/ (প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/ (এসএন্ডডব্লিউ), আই, ই, বি।
৩। সম্মানী সাধারণ সম্পাদক, আই, ই, বি।
৪। সম্মানী সহকারী সাধারণ সম্পাদক (একাডেমিক)/(প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/এসএন্ডডব্লিউ), আই,ই, বি।
৫। চেয়ারম্যান/সম্মানী সম্পাদক, সকল কেন্দ্র, আই, ই, বি।
৬। চেয়ারম্যান/সম্পাদক, সকল উপকেন্দ্র, আই, ই, বি।
৭। সকল সদস্যগন, পরীক্ষা কমিটি, আই, ই, বি।
৮। চেয়ারম্যান, বিপিইআরবি।
৯। রেক্টর, ইএসসিবি, আইইবি।
১০। ট্রেনিং ম্যানেজার, ট্রেনিং উইং, আইইবি।
১১। নির্বাহী কর্মকর্তা , আইইবি।
১২। সহকারী নির্বাহী কর্মকর্তাবৃন্দ, আই,ই,বি ।
১৩। সকল শাখা প্রধান, আই, ই, বি।
১৪। নোটিশ বোর্ড।

( প্রফেসর ডঃ মোঃ আবুল কাশেম মিয়া )
সম্মানী উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, আই, ই, বি।